

বগুড়া জিলা স্কুলে চুরি সংশোধনাগারে পাঠানোর নির্দেশ ৭ ছাত্রকে

■ বগুড়া ব্যারো
বগুড়া জিলা স্কুলের কিছু ছাত্র বিভিন্ন অপরাধ ও অপকর্মে জড়িয়ে পড়ায় স্কুল কর্তৃপক্ষ ও অভিভাবকরা উদ্বিগ্ন হয়ে পড়েছেন। বৃহস্পতিবার স্কুলের গবেষণাগার থেকে রাসায়নিক দ্রব্য চুরির অভিযোগে গ্রেফতারকৃত শিক্ষার্থীদের বয়স ১৮ বছরের কম হওয়ায় তাদের আদালত থেকে সংশোধনাগারে পাঠানো হচ্ছে। সেই সঙ্গে অভিযুক্ত ছাত্রদের স্কুল থেকে বহিষ্কারের প্রক্রিয়া চলছে।

অভিযুক্তরা হলো- দুশম শেখীর ছাত্র হোসাইন আহম্মেদ সেকিন, রেজওয়ান খান, মোহাম্মদ ফাইয়, সেরাজুল মনির রূপক, রাফিউর রহমান রাফি ও নবম শেনির ছাত্র এস এম সালেহীন রাব্বী, গমী ইসলাম জনীক। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে গুজুবীর রাতে বগুড়া সদর থানায় মামলা হয়েছে। বগুড়া জিলা স্কুলের অফিস সহকারী বেলাল হোসেন বাদী হয়ে মামলাটি দায়ের করেন।

পুলিশ জানায়, গ্রেফতারকৃত ওই ৭ ছাত্র এর আগে আরও বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত থাকার কথা স্বীকার করেছে।

অভিযোগে জানা যায়, ৬ মাস আগেও ওই স্কুলে চুরির ঘটনা ঘটেছে। এ ঘটনার সঙ্গে জড়িত ছিল ওই স্কুলের কয়েকজন শিক্ষার্থী। এমন একের পর এক অপকর্মে জড়িয়ে পড়ছে শহরের এই নামি স্কুলের শিক্ষার্থীরা। তবে সংশ্লিষ্ট মহল মনে করেন, অভিভাবকদের অসচেতনতা এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দুর্বল প্রশাসনিক ব্যবস্থা এর জন্য দায়ী।

বগুড়া জিলা স্কুলের প্রধান শিক্ষক রমজান আলী জানান, বিভিন্ন সময় স্কুলের গবেষণাগারের অন্তত ৪ লাখ টাকার খালামাল চুরি গেছে।

অভিযুক্ত ৭জনকে বহিষ্কারের প্রক্রিয়া চলছে। মামলার তদন্তকারী কর্মকর্তা বগুড়া সদর থানার এসআই আসলাম জানান, ওই ছাত্রদের আদালতে হাজির করা হলে আদালত তাদের বয়স ১৮ বছরের নিচে হওয়ায় যুগোরে শিশু-কিশোর সংশোধনাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন।